# DhakaProbe

সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) □ তৈরি: 13 Sep 2026, 03:02 PM


খেলা

# ২০৩০ বিশ্বকাপে নিয়ে আশা দেখালেন নেইমার

প্রতিবেদক: ক্রীড়া ডেস্ক
প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



ছবি: সংগৃহীত

২০২৬ বিশ্বকাপের শেষ ষোলো থেকে বিদায় নিয়েছে ব্রাজিল। এরপর যা ঘটল, তাতে কষ্ট পেয়েছেন অনেক সমর্থক। ব্রাজিলের বিদায়ের পরপরই নেইমার জানিয়ে দেন, জাতীয় দলের হয়ে তার অধ্যায় শেষ। ২০২৬ বিশ্বকাপে নেইমার খেলেছেন দুটি ম্যাচ। এর মধ্যে নরওয়ের বিপক্ষে শেষ ষোলোর ম্যাচে পেনাল্টি থেকে গোল করেন তিনি।

ম্যাচ শেষে নেইমার সংবাদমাধ্যমকে বলেন, □আমি চেষ্টা করেছি। চেষ্টা করেছি। এখানেই শুরু হয়েছিল, আর এখানেই শেষ হলো। এখন সব শেষ।□

অনেক সমর্থক ধরেই নিয়েছেন, নেইমার হয়তো আর কোনো বিশ্বকাপে ব্রাজিলের হয়ে খেলবেন না। আবার কিছু সমর্থক মনে করেন, এই ব্রাজিলিয়ান তারকার হাতে আরও একটি বিশ্বকাপ খেলার সময় আছে।

নেইমারের বয়স এখন ৩৪ বছর। কিছু সমর্থক আশাবাদী যে, ২০৩০ বিশ্বকাপেও তিনি খেলতে পারবেন, তখন তার বয়স হবে ৩৮। কারণ ২০২৬ বিশ্বকাপে লিওনেল মেসি (৩৯) এবং ক্রিস্টিয়ানো রোনালদো (৪১) খেলেছেন। তারা পারলে তিনি কেন নয়?

সম্প্রতি একটি জনপ্রিয় এআই ভিডিওতে নেইমারের প্রতিক্রিয়া সমর্থকদের মধ্যে নতুন এক আশা তৈরি করেছে। ভিডিওতে ইঙ্গিত দেওয়া হয়েছে, তিনি হয়তো ২০৩০ বিশ্বকাপে খেলতে পারেন।

নার্ডসোল নামের একটি চ্যানেলের তৈরি একটি ভাইরাল এআই ভিডিওর ক্যাপশনে লেখা ছিল, “এখনো সময় আছে? নেইমারের কি শেষবারের মতো বিশ্বকাপ খেলার সময় এখনো আছে?”

এই এআই ভিডিওতে দেখানো হয়েছে, “২০২৬ সালের নেইমার” কথা বলছেন এক “তরুণ নেইমারের” সঙ্গে, ২০২৬ বিশ্বকাপ জিততে না পারা নিয়ে। ভিডিওর পরের অংশে দেখা যায়, “ভবিষ্যতের” নেইমার হাতে ২০৩০ লেখা বিশ্বকাপ ট্রফি নিয়ে দাঁড়িয়ে আছেন।

ভিডিওতে ২০২৬ সালের নেইমার তরুণ নেইমারকে জিজ্ঞাসা করেন, ব্রাজিলের জন্য আবার বিশ্বকাপ জেতার চেষ্টা করা উচিত কি না। জবাবে তরুণ নেইমার বলেন, “হ্যাঁ, শেষবারের মতো।”

নেইমার এই পোস্টের কমেন্টে আবেগঘন কিছু ইমোজি দিয়ে প্রতিক্রিয়া জানান। ইনস্টাগ্রাম পোস্ট হওয়ার এক দিনের মধ্যেই ভিডিওটি প্রায় ২০ লাখ লাইক পায়।

নেইমারের এই মন্তব্য সমর্থকদের মধ্যে আশা জাগিয়েছে যে, তিনি হয়তো ব্রাজিল জাতীয় দলের সঙ্গে থেকে যাওয়ার সিদ্ধান্ত নেবেন এবং ২০৩০ বিশ্বকাপে খেলার লক্ষ্য নিয়ে এগোবেন।

ব্রাজিল জাতীয় দল থেকে সরে যাওয়ার বিষয়ে নেইমার এখনো কোনো আনুষ্ঠানিক বিবৃতি দেননি। তবে ইউওএল এসপোর্তের প্রতিবেদনে বলা হয়েছে, নেইমার ২০৩০ বিশ্বকাপে খেলবেন না। জাতীয় দল ছাড়ার তার সিদ্ধান্ত অপরিবর্তনীয় বলেই জানানো হয়েছে।

প্রতিবেদনে আরও বলা হয়েছে, নতুন এই চক্রে কার্লো আনচেলত্তির পরিকল্পনাতেও নেইমার নেই। সান্তোসের সঙ্গে তার ভবিষ্যৎ নিয়ে সিদ্ধান্ত এই সপ্তাহেই আসতে পারে বলে জানা গেছে।

---

## এ বিভাগের আরও খবর



**নারী এশিয়া কাপে ইন্দোনেশিয়াকে ৭১ রানে হারাল বাংলাদেশ**
নারী এশিয়া কাপে দারুণ জয় দিয়ে অভিযান শুরু করেছে বাংলাদেশ। নিগার সুলতানা জ্যোতির দল প্রথম ম্যাচে ইন্দোনেশিয়াকে ৭১ রানে হারিয়েছে। আগে ব্য...



### জানুয়ারিতে বাংলাদেশে আসতে পারে ভারত

ভারতের বাংলাদেশ সফর নিয়ে অনিশ্চয়তার কালো মেঘ যেন কাটার নামই নিচ্ছে না। সব কিছু ঠিক থাকলে আগামী সেপ্টেম্বরেই ঢাকায় পা রাখার কথা ছিল রোহিত-কোহ...



### টেস্ট র‍্যাঙ্কিংয়ে ছয়ে উঠল বাংলাদেশ

অস্ট্রেলিয়ায় দু'দিনের টেস্টের তিক্ততার মাঝেও আইসিসি থেকে এলো বড় সুখবর। টেস্ট ইতিহাসে নিজেদের সেরা র‍্যাঙ্কিংয়ে উঠে এসেছে বাংলাদেশ জাতীয়...



### তিন ইনিংসে তিন ডাক লিটনের

অস্ট্রেলিয়া সফরে ব্যাটে-বলে বাংলাদেশ লড়াইয়ের চেষ্টা চালালেও চরম ব্যর্থতার মধ্য দিয়ে সময় পার করছেন লিটন দাস। দুই টেস্টের তিন ইনিংসে ব্যাটিংয়ে...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/sports/2030-bishbkape-niye-asha-dekhalen-neimar